২১/১০/২০০০

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# চাটখিল ও কাউখালী কলেজে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ আহত ১৫

যুগান্তর ডেস্ক

বৃহস্পতিবার নোয়াখালীর চাটখিল পাচগাঁও সরকারি কলেজ ও পিরোজপুরের কাউখালী কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের পৃথক সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। আহতদের মধ্যে রয়েছে কাউখালী কলেজের ১০ জন এবং চাটখিল কলেজের ৫ জন। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর :

**চাটখিল :** চাটখিল পাঁচগাঁও সরকারি কলেজে গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় বাংলাদেশ ছাত্রলীগ ও ছাত্রদলের একই সময় মিছিল করায় উভয় মিছিলের আপত্তিকর স্লোগানের কারণে সংঘর্ষ বেধে যায়। এতে ছাত্রলীগ নেতা সাজ্জাদ হোসেন (২১), ছাত্রদলের মনির (১৮), রায়হান (১৮), সাইফুল (১৭) ও শিবির কর্মী দিদার (১৮) মারাত্মকভাবে আহত হয়। আহতদের চাটখিল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ সংঘর্ষের জন্য ছাত্রদল ছাত্রলীগকে দায়ী করে চাটখিল পৌর এলাকায় বিক্ষোভ মিছিল করেছে। এ সময় ছাত্রদলের কর্মীরা কলেজ ছাত্রলীগ সভাপতি আজাদ খানের মোটরসাইকেল ভাংচুর করে। শহরে উত্তেজনা বিরাজ করছে। পুলিশি টহল জোরদার করা হয়েছে।

**পিরোজপুর/কাউখালী :** কাউখালী কলেজের প্রথম বর্ষের দু'দল ছাত্রের প্রথম সারির বেঞ্চে বসাকে কেন্দ্র করে হামলার একপর্যায় অন্তত ১০ জন আহত হয়েছে। এদের মধ্যে গুরুতর আহত তিনজনকে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে মামলা হলে কাউখালী পুলিশ বৃহস্পতিবার ছাত্রলীগের কলেজ ছাত্র ইন্দ্রজিৎ চন্দ্রকে (১৭) গ্রেফতার করেছে। বুধবার কাউখালী কলেজের প্রথম বর্ষের ছাত্রলীগের ছাত্ররা শ্রেণীকক্ষের প্রথমসারির বেঞ্চে বসলে ছাত্রদলের ছাত্ররাও প্রথম সারির বেঞ্চে বসার চেষ্টা করে। এ সময় উভয় দলের মধ্যে বাকবিতন্ডা এবং একপর্যায় সিনিয়র নেতাদের হস্তক্ষেপে বিষয়টির মীমাংসা হয়। পরবর্তী সময়ে ছাত্রলীগের কতিপয় ছাত্র নিকটবর্তী বাসস্ট্যান্ডে গিয়ে জড়ো হয়। এ সময় ছাত্রদলের পিন্টু বাসস্ট্যান্ডে পৌছলে ছাত্রলীগের কর্মীরা তাকে প্রহার করে। ক্যাম্পাসে এ খবর ছড়িয়ে পড়লে ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগের কর্মীদের ওপর পাল্টা হামলা চালায়। সংঘর্ষে উভয়পক্ষের অন্তত ১০ জন ছাত্র আহত হয়।